



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

২২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬০৩৪

বিষয়: স্বপদে দায়িত্ব পালন প্রসঙ্গে

সূত্র: (০১) জনাব মোঃ আলমগীর হোসাইন কর্তৃক দাখিলকৃত অনলাইন অভিযোগ, তারিখ: ২৮/১০/২০২৩খ্রি.

(০২) স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬০২৭, তারিখ: ১৪ ডিসেম্বর ২০২৩খ্রি.

(০৩) ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত জবাব

(০৪) স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৮.২৩.৬০০৫, তারিখ: ০৭ ফেব্রুয়ারি ২০২৪খ্রি.

(০৫) স্মারক নম্বর: ০৫.১০.০৬০৭.০০০.৩৩.০০২.২২.৪১৬, তারিখ: ২২ এপ্রিল ২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন চরামদ্দি খান ফজলে রব চৌধুরী আলিম মাদ্রাসার (ইআইআইএন নম্বর: ১০০৫৫৭) সভাপতি কর্তৃক অধ্যক্ষকে বিধিবিহীনভাবে সাময়িক বরখাস্ত করেছেন মর্মে সূত্রোক্ত ০১নং স্মারকে বোর্ডে অভিযোগ দাখিল করা হয়। অভিযোগের প্রেক্ষিতে সূত্রোক্ত ০২নং স্মারকে সাময়িক বরখাস্ত সংক্রান্ত সকল কাগজপত্র বোর্ডে দাখিল করার জন্য সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ উভয়কে পত্র প্রেরণ করা হয়। সূত্রোক্ত ০৩নং স্মারকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ উভয়েই বোর্ডে জবাব প্রদান করেন। জবাব পর্যালোচনায় দেখা যায়, সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ নিজেকে নির্দোষ দাবী করলেও ভারপ্রাপ্ত অধ্যক্ষ সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষের বিরুদ্ধে আর্থিক অনিয়মের বিষয় উল্লেখ করেছেন। আর্থিক অনিয়মের বিষয়টি যাচাইয়ের জন্য সরেজমিনে তদন্ত করার জন্য সূত্রোক্ত ০৪নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল-কে পত্র প্রেরণ করা হয়। সূত্রোক্ত ০৫নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার একটি তদন্ত প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসাটির সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আলমগীর হোসেন-এর বিরুদ্ধে আনীত আর্থিক অনিয়মের অভিযোগ প্রমাণিত হয়নি এবং বরখাস্তকরণ প্রক্রিয়াও সঠিক নয়।

বর্ণিত অবস্থায়, সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আলমগীর হোসেন-এর বিরুদ্ধে আনীত আর্থিক অনিয়মের অভিযোগ প্রমাণিত না হওয়ায় এবং বরখাস্তকরণ প্রক্রিয়া সঠিক না থাকায় পত্রজারীর পর থেকে জনাব মোঃ আলমগীর হোসেন অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৫-০৫-২০২৪

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সভাপতি, গভার্ণিং বডি, চরামদ্দি খান ফজলে রব চৌধুরী আলিম মাদ্রাসা, বাকেরগঞ্জ, বরিশাল এবং

২। জনাব মোঃ আলমগীর হোসাইন, অধ্যক্ষ, চরামদ্দি খান ফজলে রব চৌধুরী আলিম মাদ্রাসা, বাকেরগঞ্জ, বরিশাল।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৯.২৩.৬০৩৪/১(৮)

তারিখ: ২২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল;
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, বরিশাল;
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বাকেরগঞ্জ, বরিশাল;
- ৫। ম্যানেজার, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক পিএলসি..... শাখা, বাকেরগঞ্জ, বরিশাল;
- ৬। জনাব মোঃ জয়নুল আবেদীন, উপাধ্যক্ষ, চরামদ্দি খান ফজলে রব চৌধুরী আলিম মাদ্রাসা, বাকেরগঞ্জ, বরিশাল (অধ্যক্ষকে সকল একাডেমিক ও প্রশাসনিক দায়িত্ব বুঝিয়ে দেয়ার অনুরোধসহ);
- ৭। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৮। অফিস কপি (নথি নম্বর: ১১৭)।



০৫-০৫-২০২৪
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার